ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৯৩৫
বিলোনীয়া, ২৫ জুলাই, ২০২৫

**.জল জীবন মিশন প্রকল্পে ভারতচন্দ্র নগর ব্লকের**
**৮৪.৮ শতাংশ বাড়ীতে পানীয় জলের সংযোগ প্রদান**

রাজ্যের প্রতিটি বাড়িতে পাইপলাইনের মাধ্যমে বিশুদ্ধ পানীয়জল পৌঁছে দেওয়ার লক্ষ্যে রাজ্য সরকার কাজ করে চলেছে। জল জীবন মিশন-২.০ এর আওতায় পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তর সেই কাজ করছে। এই প্রকল্পে চলতি অর্থবছরে এখন পর্যন্ত ভারতচন্দ্র নগর ব্লকে ২০টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। এই ব্লক এলাকায় মোট বাড়ি রয়েছে ১১ হাজার ৭১টি। এখন পর্যন্ত মোট ৯ হাজার ৩৮৮টি বাড়িতে সংযোগ দেওয়া হয়েছে। এখন পর্যন্ত ৮৪.৮ শতাংশ বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। অবশিষ্ট বাড়িগুলিকেও ক্রমান্বয়ে এই সংযোগের আওতায় আনা হবে। পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের বিলোনীয়াস্থিত নির্বাহী বাস্তুকারের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****